মেহেরপুরে জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যোগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরার সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরা উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেম, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র ইংরেজি শিক্ষিকা জাকিয়া আক্তার আল্পনা ও বিশিষ্ঠ সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার। সভায় মেহেরপুর জেলায় বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

মেহেরপুরে জাতীয় নারী নির্যাতন

প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যোগে মেহেরপুর সদর উপজেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা সংগঠিত হয়েছে।

আজ শনিবার (১৬ মার্চ) সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেমের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম ম্যনেজার মোছাঃ ফাহিমা আখতার।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেম, ইউপি সদস্যা নাশেদা আক্তার উর্মি, ইউপি সদস্য আঃ মজিদসহ আরো অনেকে। সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম অফিসার মোঃ আবুল কালাম।

এ সময় মেহেরপুর সদর উপজেলায় বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর সদর উপজেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈ-মাসিক সভা

‘ ‘সবারজন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরা, ঝরে পড়া রোধ ও কমিউনিটির অংশ গ্রহনে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ নানাভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”। তার ধারাবাহিকতায় শনিবার সকাল

১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচগ্রুপের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত হয়।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে মেহেরপুরের প্রাথমিক শিক্ষায় বর্তমান সার্বিক অবস্থা বিশ্লেষণ করে মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম “তিনি ঝরে পড়া রোধে এস.এম.সি, পিটিএ ও স্লীপ কমিটির কার্যক্রম, কমিউনিটির অংশ গ্রহন সহ শিক্ষায় বিনিয়োগও শিশু বান্ধব শিক্ষা নিয়ে নানা কর্মসূচী তুলে ধরেন”।

এসময় আরো বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়া, জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ, প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা ।

অনুষ্ঠানে আমদহ ও আমঝুপি ইউনিয়নের সদস্যগণ উপস্থিত ছিলেন। পরিচালনার স্বার্বিক দায়িত্বে ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের সহকারী প্রোগ্রাম অফিসার মোঃ আশিক বিল্লাহ এবং মোছাঃ চাঁদ তারা সূর্য।

মেহেরপুরে জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা সংগঠিত হয়। আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারি মুকুলের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন

আলোচনায় অংশগ্রহণ করেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল, ইউপি সদস্য রাসেল আহাম্মেদ,বিশিষ্ঠ ব্যবসায়ী জাকরিয়া হাবিব লাল্টু, বিশিষ্ঠ রাজনৈতিক ব্যাক্তি জিয়াউর রহমান, সাবেক ইউপি সদস্য মরিয়ম খাতুন সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

সভায় মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

মেহেরপুরের আমঝুপিতে ওয়াচ গ্রুপের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

‘ ‘সবারজন্য মানসম্মত শিক্ষা ও শিক্ষায় বৈষম্য দূর করতে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ কার্যক্রমের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে মউকের হলরুমে গনসাক্ষরতা অভিযানের সহায়তায় ও মউকের আয়োজিত কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামীলীগ দপ্তর সম্পাদক বীর মুক্তিযোদ্ধা গোলাম কিবরিয়ার সভাপতিত্বে ওয়াচ গ্রুপের বর্তমান ও আগামী পরিকল্পনা নিয়ে স্বাগত বক্তব্য দেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ ছাড়াও বক্তব্য রাখেন আমঝুপি ইউনিয়ন ওয়াচ গ্রুপের সহ-সভাপতি

মেহেরপুর পৌর কাউন্সিলর আব্দুর রহিম, ওয়াচ সদস্য আক্তার হোসেন, সমাজসেবক আব্দুর রকিব ও মীর ফারুক হোসেন।

এসময় সভায় সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি, শিক্ষায় বৈষম্য দূর সহ প্রান্তিক জনগোষ্ঠির শিশুদের বিষয়ে জোর দেওয়া হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম ,মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আল মামুন, নারী নেত্রী মোছাঃ রোজিনা খাতুন ও মীর ফারুক হোসেন।

সভার কার্যবিবরনী পাঠ করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার। মেহেরপুর সদর উপজেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যক্ত করা হয়।

এ ছাড়াও মেহেরপুর সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ফোরাম এর সদস্যগণ উপস্থিত ছিলেন।